



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ৩০-০১-২০২১

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির আওতাধীন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপলীগ ২০২০-২১' সম্পর্কিত উপ-কমিটির দ্বিতীয় (২য়) সভা অদ্য ৩০-০১-২০২১ তারিখ শনিবার বেলা ২.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। আগামী ৭ ফেব্রুয়ারী ২০২১ তারিখ হতে ১২টি স্বনামধন্য ফুটবল দলের অংশগ্রহণে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর খেলা শুরু হবে। দলসমূহ নিম্নরূপঃ

১. নোফেল স্পোর্টিং ক্লাব
২. ফরাশগঞ্জ স্পোর্টিং ক্লাব
৩. ভিক্টোরিয়া স্পোর্টিং ক্লাব, ঢাকা
৪. অগ্রণী ব্যাংক লিঃ স্পোর্টস ক্লাব, ঢাকা
৫. ফকিরেরপুল ইয়ংমেন্স ক্লাব, ঢাকা
৬. ঢাকা সিটি ফুটবল ক্লাব লিঃ
৭. ওয়ারী ক্লাব, ঢাকা
৮. স্বাধীনতা ক্রীড়া সংঘ
৯. কাওরান বাজার প্রগতি সংঘ
১০. ঢাকা ওয়াডারার্স ক্লাব
১১. ফর্টিস এফ সি লিঃ
১২. উত্তরা ফুটবল ক্লাব

২। 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর খেলাসমূহ কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

৩। বাফুফে আয়োজিত লীগ/প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট খেলোয়াড়/কর্মকর্তাবৃন্দকে বাফুফের নিয়ম অনুযায়ী কোভিড-১৯ টেস্ট সম্পাদন করতঃ নেগেটিভ হওয়া সাপেক্ষে খেলায় অংশগ্রহণ করতে পারবে।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।